

বিজ্ঞপ্তি

স্মারক নং- বাসককস/ইউনিট-১১/সরাসরি নিয়োগ/৩/২০০৭- ১৪১

তারিখ : ২২ আগস্ট, ২০১৭

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ উপজেলা/থানা শিক্ষা অফিসার এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ ও মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ উপজেলা/থানা শিক্ষা অফিসার এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে বিগত ০৫/০৩/২০০৮ খ্রিঃ তারিখে ৬৮ নং নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। এ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২৫/০৬/২০১০ তারিখে অনুষ্ঠিত বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা বিগত ২৮/০৮/২০১০ খ্রিঃ তারিখে ঢাকাস্থ সরকারী বিজ্ঞান কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উল্লিখিত তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন :

রেজিঃ নম্বর : 019446 020571 021777 023986 024026 029539 032476 Total=07 জন

উল্লেখ্য, প্রকাশিত ফলাফল কোনো কারণে কোনো ধরণের সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২। কোনো ক্ষেত্রে চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে লিখিত/মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ অত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক ০৫.০৩.২০০৮ তারিখের ৬৮ নং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল শিক্ষাগত যোগ্যতার/প্রশিক্ষণ সনদ, প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত (সীল স্বাক্ষরিত) ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৭ আগস্ট ২০১৭ থেকে ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে প্রতি কর্মদিবসে সকাল ১০.০০ টা থেকে ৪.০০ টার মধ্যে ইউনিট -১১ তে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। তবে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে বিপিএসসি ফরম-৩ (প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ) অত্র কমিশনে পৌঁছাতে ব্যর্থ হলে প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না অর্থাৎ তাঁর প্রার্থিতা বাতিল হবে।

৫. প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

৬. শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি এবং প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত (সীল-স্বাক্ষরিত) মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে পাসপোর্ট সাইজের ছবি এবং প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১(এক)সেট কাগজপত্র সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে(ক্যান্টিনসহ) প্রার্থীদের জন্য মোবাইল ফোন ও কোন প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৭. এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে।

** পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রকৃতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)